যুগান্তর

তারিখ ... 11 OCT 2015 ...
পৃষ্ঠা ...১৫... কলাম ... ৮ ...

# সাউথইস্ট ভার্সিটিতে ইংরেজি শিক্ষা বিষয়ক সম্মেলন

বাংলাদেশে ইংরেজি শিক্ষা ব্যবস্থার আধুনিকীকরণ, পরিবর্ধন ও উন্নয়নের সুপারিশ প্রণয়নের লক্ষ্যে সাউথইস্ট ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের উদ্যোগে 'ইংলিশ স্টাডিজ ইন বাংলাদেশ : রিকনসিডারিং কনসেপচুয়াল প্যারাডাইমস' শীর্ষক দিনব্যাপী একটি জাতীয় পর্যায়ের সম্মেলন শনিবার, তেজগাঁওয়ের স্থায়ী ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। সম্মেলনে দেশের ২৫টি বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষকরা ৫০টিরও অধিক প্রবন্ধ উপস্থাপন করেন।

সাউথইস্ট ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক আনোয়ার হোসেনের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মঞ্জুরুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন সাউথইস্ট ইউনিভার্সিটির প্রো-ভিসি অধ্যাপক ড. মো. হুমায়ুন কবীর চৌধুরী। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাউথইস্ট ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক আনোয়ার হোসেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটের সুপারনিউমারারি অধ্যাপক ড. আরিফা রহমান প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।